

প্যাকেজ WD-03

প্যাকেজের বর্ণনা : প্যাকেজ WD-03 এর আওতায় বাটশালা হতে অষ্টগ্রাম পর্যন্ত সারাবহর যান চলাচল উপযোগী (all-weather) সড়ক ও সেতু নির্মিত হবে।

প্রধান কাজসমূহ : ৮.৪৮২ কিলোমিটার সড়কবীধ ও হার্ডসোল্ডারসহ ৭.৪০ মিটার প্রশস্ত ফেল্ডবল পেভমেন্ট, ১.৩৯ লক্ষ বর্গমিটার জিও-টেক্সটাইলসহ সিসি ব্লক দ্বারা রক্ষাপ্রদ কাজ, ২টি কালভার্ট, ২টি আরসিসি সেতু নির্মাণ।

চুক্তি মূল্য : ১১১.৫৬ কোটি টাকা।

ঠিকাদারী প্রতিষ্ঠান : Spectra-MBEL (JV)

বাস্তবায়নকাল : ২৪ মাস।

প্যাকেজ WD-04

প্যাকেজের বর্ণনা : প্যাকেজ WD-04 এর আওতায় চিলনী সেতু (দৈর্ঘ্য ১৫৬.৭২ মিটার), ঢাকী সেতু (দৈর্ঘ্য ১৭১.৯৬ মিটার) ও ভাতশালা সেতু (দৈর্ঘ্য ২৬১.৮১ মিটার) নির্মিত হবে।


প্রধান কাজসমূহ : মোট ৫৯০.৪৯ মিটার দৈর্ঘ্যের ৩টি পি.সি গার্ডার সেতু, ১.৩০ কিলোমিটার এগ্রোচ বীধ ও হার্ড সোল্ডারসহ ৭.৪০ মিটার প্রশস্ত ফেল্ডবল পেভমেন্ট নির্মাণ, ০.৬১ লক্ষ বর্গমিটার জিও-টেক্সটাইলসহ সিসি ব্লক দ্বারা রক্ষাপ্রদ কাজ।

চুক্তি মূল্য : ১১৩.৮৯ কোটি টাকা।

ঠিকাদারী প্রতিষ্ঠান : Spectra-RBPL (JV)

বাস্তবায়নকাল : ২৪ মাস।

ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম মহাসড়ক



ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম মহাসড়ক নির্মাণ প্রকল্প

সড়ক ও সেতু নির্মাণ কাজ

শুভ উদ্বোধন

করেন

মোঃ আবদুল হামিদ

মহামান্য রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

মিঠামইন, কিশোরগঞ্জ

২১ এপ্রিল ২০১৬

পটভূমি

দেশের উত্তর-পূর্বাঞ্চলের জেলা কিশোরগঞ্জের এক প্রান্তে বিকীর্ণ হাওড় এলাকা নিয়ে ইটনা, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলার অবস্থান। এলাকার জনসাধারণ প্রকৃতির সাথে প্রতিনিয়ত সংগ্রাম করে জীবন ধারণ করেন। হাওড় অধ্যুষিত এলাকাটি বছরে অর্ধেক সময় জলমগ্ন থাকে। অন্ড্রাসর ও দুর্গম এলাকাটির জনসাধারণের জীবনমান উন্নয়নে সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সর্বপ্রথমে প্রয়োজন।

কিন্তু ইটনা, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলা তিনটির মধ্যে সরাসরি সড়ক যোগাযোগ না থাকায় বর্ষা মৌসুমে নৌ-যান যোগাযোগের একমাত্র মাধ্যম। প্রকল্পের আওতায় সড়কটি নির্মিত হলে এ তিনটি উপজেলার মধ্যে সড়ক নেটওয়ার্ক গড়ে উঠবে এবং ভবিষ্যতে অষ্টগ্রাম উপজেলার মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলার সাথে তথা রাজধানী ঢাকা, সিলেট ও চট্টগ্রাম সহ দেশের অন্যান্য অঞ্চলের সাথে সরাসরি সড়ক যোগাযোগ স্থাপনের সুযোগ সৃষ্টি হবে। ফলে এলাকার জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার অত্যন্তপূর্ণ উন্নয়ন সূচিত হবে। সারাবহর চলাচল উপযোগী আন্তঃউপজেলা সড়ক যোগাযোগ স্থাপনের লক্ষ্যে ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম মহাসড়ক নির্মাণ প্রকল্পটি ১৭ ফেব্রুয়ারী, ২০১৫ তারিখে ৪৩৮.৩৫ কোটি টাকা ব্যয়ে একদিক কর্তৃক অনুমোদিত হয়।

প্রকল্পের মেয়াদ ০১ জানুয়ারী ২০১৫ হতে ৩০ জুন ২০১৮ পর্যন্ত। প্রকল্পটির এলাইনমেন্ট ইটনা উপজেলা পরিষদ থেকে চিলনী, শান্তিপুর, মাহমুদপুর, ঢাকী, বোরনপুর, মিঠামইন, ভাতশালা, কান্তল গ্রাম হয়ে অষ্টগ্রাম উপজেলা পর্যন্ত। প্রকল্পের আওতায় ৯১.৫২ হেক্টর ভূমি অধিগ্রহণ, ২৯.১৫ কিলোমিটার সড়কবীধ ও ৭.৪০ মিটার প্রশস্ত ফেল্ডবল পেভমেন্ট, ৫.০৯ লক্ষ বর্গমিটার সিসি ব্লক-জিওটেক্সটাইল সহ প্রোগ্রাম প্রটেকশন, মোট ৪৪ মিটার দৈর্ঘ্যের ৭টি আরসিসি বজ্র-কালভার্ট, মোট ১৫৪.৩৫ মিটার দৈর্ঘ্যের ৭টি আরসিসি সেতু ও মোট ৫৯০.৪৯ মিটার দৈর্ঘ্যের ৩টি পিসি গার্ডার সেতু নির্মাণ করা হবে।



বিকীর্ণ হাওড়ের বর্ষা মৌসুমে দেশীয় নৌ চলাচলের দৃশ্য



প্রক্ষেপিত সারাবহর যান চলাচলের উপযোগী মহাসড়ক



প্রক্ষেপিত ভাতশালা সেতু

পূর্ত কাজের প্যাকেজের বিবরণ

প্রকল্পের পূর্ত কাজসমূহকে চারটি প্যাকেজে ভাগ করে বাস্তবায়ন করা হবে। প্যাকেজসমূহের সংক্ষিপ্ত পরিচিতি নিম্নরূপঃ

প্যাকেজ WD-01

প্যাকেজের বর্ণনা : প্যাকেজ WD-01 এর আওতায় ইটনা হতে বোরনপুর পর্যন্ত সারাবহর যান চলাচল উপযোগী (all-weather) সড়ক ও সেতু নির্মিত হবে।

প্রধান কাজসমূহ : ৯.০৫৩ কিলোমিটার সড়কবীধ ও হার্ডসোল্ডারসহ ৭.৪০ মিটার প্রশস্ত ফেল্ডবল পেভমেন্ট নির্মাণ, ১.৮৯ লক্ষ বর্গমিটার জিও-টেক্সটাইলসহ সিসি ব্লক দ্বারা রক্ষাপ্রদ কাজ, ৩টি কালভার্ট, ২টি আরসিসি সেতু নির্মাণ।

চুক্তি মূল্য : ১৩৪.০৮ কোটি টাকা।

ঠিকাদারী প্রতিষ্ঠান : Spectra Engineers Ltd.

বাস্তবায়নকাল : ২৪ মাস।

প্যাকেজ WD-02

প্যাকেজের বর্ণনা : প্যাকেজ WD-02 এর আওতায় বোরনপুর হতে ভাতশালা পর্যন্ত সারাবহর যান চলাচল উপযোগী (all-weather) সড়ক ও সেতু এবং মিঠামইন লিংক রোড নির্মিত হবে।

প্রধান কাজসমূহ : ৯.৯৩৭ কিলোমিটার সড়কবীধ ও হার্ডসোল্ডারসহ ৭.৪০ মিটার প্রশস্ত ফেল্ডবল পেভমেন্ট, ১.৭৯ লক্ষ বর্গমিটার জিও-টেক্সটাইলসহ সিসি ব্লক দ্বারা রক্ষাপ্রদ কাজ, ২টি কালভার্ট, ৩টি আরসিসি সেতু নির্মাণ।

চুক্তি মূল্য : ১৫৪.৯৯ কোটি টাকা।

ঠিকাদারী প্রতিষ্ঠান : Monico Limited

বাস্তবায়নকাল : ২৪ মাস।